দৈনিক বাংলা

তারিখ .. 20 MAY 1998 ..
পৃষ্ঠা .. ১ .. কলাম .. ৩ ..

14

# প্রধানমন্ত্রী আজ থাইল্যান্ড যাচ্ছেন

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ থাইল্যান্ডে পাঁচদিনের সরকারী সফরে আজ সোমবার ব্যাংককের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করছেন।

তাঁর সঙ্গে যাচ্ছেন তাঁর স্ত্রী বেগম মমতাজ আহমদ।

ইউএনবি জানায়, কাজী জাফর

(৪-এর পৃঃ দ্রঃ)

## থাইল্যান্ড যাচ্ছেন

(প্রথম পৃঃ পর)

পাঁচ সদস্যের প্রতিনিধিদলের নেতৃত্ব করছেন। এই সফরকালে তিনি থাই প্রধানমন্ত্রী চাতিচাই চুনহাভানের সঙ্গে আনুষ্ঠানিক আলোচনায় মিলিত হবেন।

প্রতিনিধিদলের অপর সদস্যগণ হচ্ছেনঃ বাণিজ্য সচিব এম মোকাম্মেল হক, অতিরিক্ত পররাষ্ট্র সচিব এম মহসিন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক সচিব হুমায়ুন কবির এমপি এবং আনভার আহমদ এমপি।

বৈঠকে দ্বিপক্ষীয় সম্পর্ক এবং অভিন্ন স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিষয়াদী নিয়ে আলোচনা হবে।

থাইল্যান্ডের রাজা ভূমিবল আদুলায়েদেজ ও রাণী সিরিকিট বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সাক্ষাৎ দেবেন।